গৌড়ীয়-বৈষ্ণবধৰ্ম ও সাম্প্ৰদায়িকতা

ডকীর দীনেশচন্দ্র সেন মহাশয় তাঁহার "বঙ্গভাষা ও সাহিত্য"-নামক গ্রন্থে লিথিয়াছেন—শ্রীচৈতম্বচরিতামৃতাদি গ্রন্থে স্থাভ সাপ্রাণায়িক বিদ্বেষের চিহ্নাই। সেন মহাশ্যের এই উক্তির মধ্যে কিছুমাত্র অত্যুক্তি নাই, তাঁহাই দেখাইতে চেষ্টা করা হইতেছে। সাম্প্রদায়িকতা হইতেই সাম্প্রদায়িক বিদ্বেষের উদ্ভব।

সাম্প্রদায়িক ধন্ম ও সাম্প্রদায়িকতা। সাম্প্রদায়িক ধর্ম বলিতে কি ব্ঝায়, তাছাই আগে বিবেচনা করা যাউক।

পৃথিবীর সমস্ত লোক যে ধর্মের অনুসরণ করেনা, তদপেক্ষা অন্নসংখ্যক লোক—তা তাদের সংখ্যা কয়েক শত, বা কয়েক সহস্র, বা কয়েক লক্ষ্, এমন কি কয়েক কোটিও হইতে পারে, এমন কতকঞ্জলি লোক—মাত্র যে ধর্মের অন্থসরণ করে, তাহাকেই যদি সাম্প্রদায়িক ধর্ম বলা হয়, তাহা হইলে প্রচলিত সমস্ত ধর্মকেই সাম্প্রদায়িক ধর্ম বলিতে হয়; কারণ, কোনও একটা ধর্মই পৃথিবীর সমস্ত লোক কর্তৃক অনুসত হয় না। য়াহারা একই নীতির একই আদর্শের বা একই ধর্মের অন্থসরণ করেন, তাঁহাদিগকে সাধারণত: একটা সম্প্রদায়ভুক্ত বলা হয়। এইরপে হিন্দু-সম্প্রদায়, মুসলমান-সম্প্রদায়, খৃষ্ঠীরান-সম্প্রদায়, বৌদ্ধ-সম্প্রদায়, কৈন-সম্প্রদায়, আবার হিন্দুদের মধ্যে শৈব-সম্প্রদায়, শাক্ত-সম্প্রদায়, বৈক্ষর-সম্প্রদায় প্রভৃতি নাম প্রচলিত আছে। এই সমস্ত সম্প্রদায়ের মধ্যে যে কোনও এক সম্প্রদায়ের ধর্মকেই যদি সাম্প্রদায়িক ধর্ম বলা হয়, তাহা হইলে সকল ধর্মই সাম্প্রদায়িক হইয়া পড়ে; স্কৃতরাং "সাম্প্রদায়িক ধর্ম" কথাটার প্রয়োজনীয়তা এবং সার্থকতাই থাকেনা; যেহেতু, যাহা সাম্প্রদায়িক নয়, এমন কোনও একটা ধর্ম হইতে পার্থকা স্থচনার জন্মই "সাম্প্রদায়িক ধর্ম" কথাটার প্রয়োজ। উল্লিখিত অর্থ মানিতে গেলে সকল ধর্মই যথন সাম্প্রদায়িক হইয়া পড়ে, কোনও ধর্মই যথন অনাম্প্রদায়িক থাকে না, তথন নিশ্চিতই বুঝিতে হইবে, সম্প্রদায়-বিশেষের আচরিত বলিয়াই কোনও ধর্মকে সাম্প্রদায়িক ধর্ম্ম বলা স্মীটীন নয়।

রস-স্বরূপ প্রত্ত্ব বস্তুতে অনন্ত রস-বৈচিত্রী বিজ্ঞান। সকল বৈচিত্রীতে সকলের চিত্ত সমান ভাবে আরুষ্ট হয় না। লোকের ক্ষচি এবং প্রকৃতি একরপ নহে। ভিন্ন ভিন্ন রস-বৈচিত্রীতে ভিন্ন ভিন্ন লোকের চিত্ত সমধিক ভাবে আরুষ্ট হয়। তাই উপাস্থ-ভাবের এবং উপাসনা-প্রণালীর পার্থক্য থাকিবেই এবং বিভিন্ন রস-বৈচিত্রীর উপাসকগণ বিভিন্ন সম্প্রদায়ভুক্ত হইলা পড়িবেন্ই; কিন্তু বিভিন্ন সম্প্রদায়ভুক্ত হইলেও তাঁহাদের পরস্পরের মধ্যে যে প্রতিকূলতা থাকিবে, তাহারও কোনও ক্যায়সঙ্গত হেতু নাই। যেখানে লক্ষ্যবস্তুর সহিত পরিচয়ের অভাব, সেই স্থানেই অজ্ঞতাবশতঃ মাংস্থা, হিংসা, দ্বেষ,—সেখানেই অপরকে হেয় প্রতিপন্ন করার চেষ্টা—সেথানেই সন্ধীর্ণতা। এই সন্ধীর্ণতা যথন কোনও একটা সম্প্রদায়ে ব্যাপকতা লাভ করে, তথনই আমরা সেই সম্প্রদায়ের ভাবকে সাম্প্রদায়িকতা বলিয়া থাকি।

সামাজিক ও ধন্ম বিষয়ক সাম্প্রদায়িকতা। এইরপ সাম্প্রদায়িকতা সমাজবিষয়কও হইতে পারে এবং ধর্মবিষয়কও হইতে পারে। অনাচরণীয়তা ও অস্গৃগুতাদি হইল সমাজ-বিষয়ক সাম্প্রদায়িকতা। "আমি যে সমাজের অন্তর্ভুক্ত, সেই সমাজেই কুলীন, সেই সমাজেই শ্রেষ্ঠ, পবিত্র, আচার-সম্পন্ন; অপর সমাজ বা অপর কোনও কোনও সমাজ আমার সমাজ অপেকা অনেক বিষয়ে হেয়"—সমাজ-সংগঠনের উদ্দেশ্য-বিষয়ে অজ্ঞতাবশতঃ এইরপ সন্ধর্শিতাই সমাজ-বিষয়ক সাম্প্রদায়িকতার হেতু। আর "আমি যে ধর্মের অন্সরন করিয়া থাকি, তাহাই মৃক্তির একমাত্র উপায়, আমার যাহা সাধন-প্রণালী, তাহাই একমাত্র ফলপ্রদ পন্থা; অপরের সাধন-প্রণালী লান্তিপূর্ব, নিরর্থক; অপরে মৃক্তির যে ধারণা পোষণ করে, তাহাও লান্ত"—ইত্যাদি রূপ যে সন্ধীর্ণ ভার, তাহাই ধর্মবিষয়ক সাম্প্রদায়িকতার মূল। এইরপ সাম্প্রদায়িকতার মধ্যেই একটা গণ্ডীবদ্ধতার ভাব আছে—

"আমি যে গণ্ডাতে বা যে মণ্ডলীতে আছি, তাছাই সর্ববিষয়ে উৎকৃষ্ট; অপরের গণ্ডী সর্ববিষয়ে নিকৃষ্ট"— এইরপ একটা ভাব।

ধশ্মে ব্যবহারিক এবং পারমার্থিক সাম্প্রদায়িকতা। প্রত্যেক ধর্মেরই তুইটা দিক আছে, সামাজিক বা ব্যবহারিক এবং পারমার্থিক। সাম্প্রদায়িকতা তুই, দিকেই থাকিতে পারে; স্কুতরাং গৌড়ীয়-বৈষ্ণব ধর্মের এই তুইটা দিকই বিচার করিতে হইবে।

সামাজিক বা ব্যবহারিক দিকেরও আবার তুইটা শাখা আছে—বংশ বা জ্বাতিবিচারমূলক ব্যবহার এবং পারমার্থিক ধর্মযাজনে অধিকার।

গোসামিগ্রন্থে গোড়ীয়-বৈফ্রব-ধর্মে বংশ বা জাতিবিচারমূলক যে ব্যবহারের পরিচয় পাওয়া যায়, তাহা সামাজিক উদারতার আদর্শস্থানীয়। কাশীখণ্ডের প্রমাণ উদ্ধৃত করিয়া শ্রীশ্রীছরিভক্তিবিলাস বলিয়াছেন—"ব্রাহ্মণ: ক্ষতিয়ো বৈশ্য: শৃদ্রো বা যদি বেতর:। বিষ্ণুভক্তিসমাযুক্তো জ্ঞেয়: সর্কোত্তমোত্তম:॥ ১০।৭৮॥"—বান্ধণই হউন, ক্ষত্রিয়ই হউন, বৈশ্রই হউন, কি শ্রেই হউন, কিম্বা অপর কোনও জাতিই হউন, যিনি বিষ্ণুভক্তিযুক্ত, তিনি সর্বোত্তমোত্তম।" "শ্বপচোহপি মহীপাল বিষ্ণোর্ভক্তো দ্বিজাধিক:। ১০1৬৮॥—বিষ্ণুভক্ত শ্বপচও দ্বিজ অপেক্ষা শ্রেষ্ঠ"—ইত্যাদি নারদীয়-বচনও শ্রীহরিভক্তিবিলাসে ধৃত হইয়াছে। এই মর্শ্নের বহু প্রমাণ শ্রীশ্রীচৈত্যুচরিতামুতেও দৃষ্ট হয়। এ সমন্ত প্রমাণ হইতে জানা যায়, ভগবদ্ভক্তের বা বৈফবের কুলের বিচার বৈঞ্বাচার্য্যগণ করেন নাই। বৈফবে জাতিবৃদ্ধিপোষণ বরং অপরাধজনক বলিয়াই শ্রীহরিভক্তিবিলাস বলিয়া গিয়াছেন। "শৃদ্ধং বা ভগবদ্ভক্তং নিয়াদং শ্বপচং তথা। বীক্ষ্যতে জাতিসামান্তাৎ স যাতি নরকং প্রবম্॥ ১০৮৬॥" জাতিকুল অপেকা জীবের স্বরূপের প্রতিই—"জীবের স্বরূপ হয় কৃষ্ণের নিত্যদাস। ২।২০।১০১।"—এই তথ্যের প্রতিই বৈষণ্বগণ বেশী গুরুত্ব আরোপ করিতেন। কেবল অপরের দ্বন্ধে নয়, নিজের দ্বন্ধেও জাতিকুলের সংস্কার যাহাতে চিত্ত হইতে দ্রীভূত হইতে পারে, এবং স্বীয় সক্ষপের সংস্কারই যাহাতে চিত্তে দৃঢ়ীভূত হইতে পারে, তাহার ব্যবস্থাও আচার্যাগণ করিয়া গিয়াছেন। "নাহং বিপ্রোন চ নরপতির্নাপি বৈশ্যোন শূদো নাহং বর্ণীন চ গৃহপতির্নো ৰনস্থো যতিকা। কিন্তু প্রোতন্নিথিল-প্রমানন্দ-পূর্ণামৃতানে র্গোপীভর্ত্তঃ পদক্ষলয়োদাসদাসামুদাসঃ॥ চৈঃ চঃ ধৃত। প্রভাবলীবচন।—অর্থাৎ আমি ব্রান্ধণ নই, ক্ষত্রিয় নই, বৈশ্য নই, শূদ্র নই; আমি ব্রন্ধচারী নই, গৃহী নই, বাণপ্রস্থী নই, যতি নই—চারিবর্ণেরও কেহ আমি নই, চারি আশ্রমেরও কেহ আমি নই; আমি শ্রীক্লের দাসাম্পাস।" নিচ্ছের সম্বন্ধে এইরূপ চিন্তারই গোড়ীয়-বৈফ্ব-ধর্মের ব্যবস্থা।

এইরপে সকলেরই একই জীবত্বের সাধারণ ভূমিকার অবস্থিতির জ্ঞানে পাছে কাহারও প্রতি উদাসীয়া বা অবজ্ঞার ভাব কিয়া আরও অধিকতর অবাঞ্জনীয় কোনও ভাব—আসিয়া পড়ে, তাই নির্দেশ দেওয়া হইয়াছে যে,—এমন কোনও কাজ করিবে না, বা এমন কোনও ব্যবহার করিবে না বা কথা বলিবে না, এমন কোনও ব্যবহারের চিন্তাও মনে স্বান দিবে না, যাহাতে অপরের মনে কট্ট হইলেও পারে। "প্রাণিমাত্রে মনো বাক্যে উদ্বেগ না দিবে। হাহহাও৬।" সকলের অপেক্ষা সকল বিষয়ে উত্তম হইলেও নিজেকে অন্ত সকল অপেক্ষা হীন মনে করিবে। "সক্রোত্তম আপনাকে হীন করি মানে। হাহত,১৪॥" কোনও রূপ হীন অভিমান ধেন মনে স্থান না পার; "উত্তম হঞা বৈষ্ণৰ হবে নিরভিমান। চৈ: চ: তাহত,হত" আর, নিজে কাহারও নিকটে সম্মানের প্রত্যাশা করিবে না; কিন্তু অপরকে সম্মান করিবে। "অমানী মান্দ কৃষ্ণনাম সদা লবে। তাও,হতহা" সকলের মধ্যেই পরমাত্মা রূপে ভগবান্ সর্বান করিবে। "অমানী মান্দ কৃষ্ণনাম সদা লবে। তাও,হতহা" সকলের মধ্যেই পরমাত্মা রূপে ভগবান্ সর্বান করিবে। "জীবে সম্মান দিবে জানি রুফ্যের অধিষ্ঠান। তাহতাহত ॥ অই উপদেশটী শ্রীলর্বাব্যবহাকুর আরও পরিক্ষৃট করিয়া দিয়াছেন—"ব্রাহ্মণাদি চণ্ডাল কুরুর অন্ত করি। দণ্ডবং করিবেক বছ মান্ত করি। তি: ভা, অন্তা, তয় অধ্যায়।" গোড়ীয়-বৈষ্ণবদের এই সামাজিক উদারতা, অম্পৃত্যতা বা অনাচরণীয়ভার বছ উদ্ধি উঠিয়াছিল। শ্রীকৈত্যাচরিতামুতের একাধিক স্থানে দেধা যার, মহাপ্রভূ যধন মধ্যাহে ভিক্ষা

করিনে বসিতেন, যবনকুলোন্তর প্রীল হরিদাসঠাকুর নিকটে কোথাও উপস্থিত থাকিলে নিজের নিকটে বসিয়া প্রদাদ পাওয়ার জন্ম প্রস্তু তাঁহাকেও আহ্বান করিতেন; অবশ্য হরিদাসঠাকুর নিজের দৈল্যবশতঃ কৌবলে দ্বে সরিয়া থাকিতেন; আবার এই হরিদাসকেই শীল অহৈতপ্রভু শ্রান্ধপাত্র পর্যান্ত থাওয়াছিলেন। মহাপ্রস্থ বর্থন মধ্রান্ন গিয়াছিলেন, তথন বৈক্ষব জানিয়া এক অনাচরণীয় সনৌড়ীয়ার হাতেও তিনি ভিক্ষা করিয়াছিলেন। এখনও বৈক্ষবণের বিশিষ্ট উৎসবে হরিদাস-ঠাকুরের এবং স্থব্বিণিক-বংশোন্তর উন্ধরণাত্ত ঠাকুরের ভোগ দেওয়া হ্য এবং বৈক্ষবণা জাতিবর্ণ-নির্কিশেবে প্রদাদ গ্রহণ করেন। গৌড়ীয়-বৈক্ষবশান্ত জাতিবর্ণনির্কিশেবে প্রদাদ গ্রহণ করেন। গৌড়ীয়-বিক্ষবশান্ত জাতিবর্ণনির্কিশেবে প্রদাদ গ্রহণ করেন। গৌড়ীয়-বিক্ষবশান্ত জাতিবর্ণনির্কিশেবে ভক্তমাত্তনেই সামাজিকতার অনেক উর্দ্ধে স্থান দিয়াছেন। "ভক্তপদধূলি আর ভক্তপদঞ্জল। ভক্তস্কুক্ত-অবশেষ—তিন-মহাবল। এই তিন সেবা হৈতে ক্রফপ্রেমা হয়। ৩.১৬/৫৫-৫৬।" শীল নরোত্তমদাসঠাকুর মহাশন্ত্রও বলিয়াছেন—"বৈক্ষবের পদধূলি, তাহে মোর স্থানকেলা।" এবং "বৈক্ষবের উল্ভিষ্ট, তাহে মোর মন নির্দ্ধ।" শীপ্রতিচত্ত্য-চিরিতামৃতের অন্ত্যলীলার বোড়শ পরিচ্ছেদ হইতে জানা যায়, কালিদাস-নামক জনৈক কামহবংশীয় বৈক্ষব ভূমিমালীজাতীয় রাজু ঠাকুরের পদধূলি এবং উল্ভিষ্টও কৌশলে গ্রহণ করিয়াছিলেন এবং তজ্জ্য তিনি মহাপ্রভুর নিকটে এমন একটী বিশেষ ক্রপা পাইয়াছিলেন, যাহা অপর কেহ পায় নাই। হরিদাস-ঠাকুরের দেহত্যাগের পরে শ্রীমন্যহাপ্রভু নিজে তাঁহার পার্যদগণকে লইয়া তাঁহার সমাধি দিয়াছিলেন এবং মহাপ্রসাদ ভিক্ষা করিয়া হরিদাস-ঠাকুরের তিরোভাব-উৎসব করিয়াছিলেন। তীর্থস্থলাদিতে এখন পর্যন্ত ব্যন-কুলোন্ত্রব বৈক্ষবদ্বের সমাধিও বিশেষ শ্রহার সহিত পুজিত হইতেছে।

"ব্রাহ্মণে চণ্ডালে করে কোলাকোলি কবে বা ছিল এ রঙ্গ।"—পদকর্ত্তার এই উক্তিতেও গোড়ীয়-বৈষ্ণবদের সামাজিক উদারতা প্রতিফলিত হইয়াছে।

এক্ষণে পারমার্থিক ধর্মধাজ্পনে অধিকার-বিষয়ে আলোচনা করা যাউক।

গৌড়ীয়-বৈষ্ণবদের মতে ভগবদ্ভজনে জাতিবর্ণ-নির্বিশেষে সকলেরই অধিকার আছে। "শ্রীকৃষ্ণভজনে নাহি জাতিকুলাদি বিচার॥ ৩।৪।৬০॥"

নববিধা-ভক্তির অনুষ্ঠানে, অর্চ্চন-মার্গে, শ্রীবিগ্রহ-সেবাদিতেও জাতি-বর্ণনির্বিশেষে দকল বৈষ্ণবের অধিকার আছে। শাল্গ্রাম-স্বার অধিকার হইতেও বৈফ্রশাস্ত্র কাহাকেও বঞ্চিত করেন নাই, এমন কি স্ত্রীলোককেও না। প্রীপ্রীহরিভক্তি-বিলাসের পঞ্চম-বিলাসে ২০শ শ্লোকে বলা হইয়াছে—"এবং শ্রীভগবান্ সর্বৈঃ শালগ্রামশিলাত্মকঃ। ছিলৈ: স্ত্রীভিশ্চ শুলেশ্চ পুজেন ভগবতঃ পরিঃ॥" টীকায় শ্রীপাদ সনাতন শ্লোকস্থ "পরিঃ" শন্দের অর্থে লিখিয়াছেন— ষথাবিধিদীক্ষাং গৃহীত্বা ভগবংপুজাপরে: সদ্ভিত্নিত্যর্থঃ, অর্থাৎ যথাবিধিদীক্ষা-গ্রহণপূর্ব্বক ভগবং-পরায়ণ—দ্বিজ, স্ত্রী এবং শূদ্র ইহাদের সকলের দ্বারাই শালগ্রাম-শিলাত্মক ভগবান্ পূজিত হইতে পারেন। এইরূপ বিধানের সঙ্গে সঙ্গেই শান্ত্র-প্রমাণরূপে স্কন্দপুরাণের নিম্নলিখিত শ্লোক উদ্ধত হইয়াছে—"ব্রাহ্মণ-ক্ষত্রিয়বিশাং সচ্ছুদ্রাণাম্থাপি বা। শালগ্রামেহধিকারোহস্তি ন চাল্মেয়াং কদাচন॥ ৫।২৪॥ টীকা হইতে জানা যায়, ইহা শ্রীনারদের উক্তি এবং এই শোকোক্ত "সচ্ছুদ্রাণাং" শব্দের অর্থ-স্তাং বৈষ্ণবাণাং শূদ্রাথাং--বাঁহারা বৈষ্ণব, এরপ শূদ্রদের এবং "অল্ডেষাং" অর্থ—অসতাং শূস্রাণাং—অবৈষ্ণব শৃস্তদের। তদমুসারে শ্লোকের অর্থ ছইল এই:—ব্রাহ্মণ, ক্ষাত্রিয়, বৈশ্র এবং বৈষ্ণব-শৃদ্রের শালগ্রাম-পূজায় অধিকার আছে; কিন্তু কথনও অবৈষ্ণব-শৃদ্রের তাহাতে অধিকার নাই। টীকায় স্নাতনগোস্বামী অস্তান্ত পুরাণের প্রমাণ্ড উদ্ধৃত করিয়াছেন। টীকায় তিনি ইহাও বলিয়াছেন যে, মধ্যদেশে, এই দেশে এবং দক্ষিণদেশে শ্রীবৈষ্ণবদেরমধ্যে উক্তরূপ আচারও প্রচলিত আছে। গৌড়ীয়-বৈষ্ণবদের মধ্যে এখনও এই প্রথা একেবারে লোপ পায় নাই। তবে ইহা তত ব্যাপক নয়; তাহার কারণ বোধহয় এই যে, শালগ্রাম-চক্র দাধারণতঃ ঐশ্ব্যাতাক বিগ্রহ; গোড়ীয়-বৈষ্ণবদের ভাব মাধুর্ঘময়; তাই তাঁহারা— সাধারণতঃ রাধারুফ, গোপাল, নিতাইগোর প্রভৃতির বিগ্রহ বা চিত্রপট পূজা করিয়া থাকেন। গোবর্দ্ধনশিলাকে এমন্ মহাপ্রভু সাক্ষাৎ কৃষ্ণকলেবর বলিয়াছেন; তাই তাঁহারা এই শিলারও পূজা করেন। কুলাচার অন্তুসারে

শ্রামণ শালগ্রামচক্রের পূজা করিয়া থাকেন—তা তিনি বৈশ্ববই ছউন, কি শৈব বা শাক্তই ছউন। তাই ব্রামণ্টের মধ্যেই শালগ্রামপূজার প্রচলন বেশী। ব্রামণেতর বংশোদ্ভব কাহারও তদ্রপ কুলাচার বিরল; তাই তাঁহাদের মধ্যে শালগ্রামের পূজার প্রচলনও কম।

হরিভক্তিবিলাসের ৫।২২৪ শ্লোকের চীকায় শ্রীপাদ সনাতনগোস্থানী বহুনাস্ত্র-প্রমাণ উদ্ধৃত করিয়া বিচারপূর্ব্বক সিদ্ধান্ত করিয়াছেন—"বিবৈশ্ব: সহ বৈফলাণাং একত্রৈব গণনা—বিপ্রদিণের সহিত বৈফলদিণের একত্রই গণনা।" "বৈফলাণাং রান্ধণৈঃ সহ সাম্যমেব সিধ্যতি—রান্ধণদিণের সহিত বৈফলদিণের সাম্যই সিল্ল হইতেছে।" বেহেতু "ভগবদ্দীক্ষাপ্রভাবেন শৃন্ধাদীনামপি বিপ্রসাম্যং সিদ্ধমেব—ভগবদ্দীক্ষাপ্রভাবে শৃন্ধাদিরও বিপ্রসাম্য সিদ্ধ হয়।" তাই "রন্ধবৈবর্ত্ত প্রিয়রতোপাধ্যানে ধর্মান্যাধিতাপি শ্রীশালগ্রামশিলাপূজ্বনমূক্তম্—রন্ধবৈবর্ত্ত-পূরাণে প্রিয়েরতের উপাধ্যানে ধর্মান্যাধেরও শ্রীশালগ্রাম-পূজার কথা উক্ত হইয়াছে।" "শ্রীভাগবতপাঠাদাবপ্যধিকারো বৈফলাণাং স্রষ্টব্যঃ—শ্রীভাগবতপাঠাদিতেও বৈফলদের অধিকার দৃষ্ট হয়।" শ্রীমদ্ ভাগবতের "যন্নামধেয়শ্রবণাস্কীর্তনাং" ইত্যাদি শ্লোক উন্ধৃত করিয়া তিনি দেখাইয়াছেন, ভগবন্নাম-শ্রবণ-কীর্তনের প্রভাবে শ্রপচও সোম্যানের যোগ্যতা লাভ করে।

জাতিবর্ণনিবিশেষে বৈফবের পক্ষে গুরু হওয়ার অধিকারও বৈফব-শাস্ত্রসমত। শ্রীমন্ মহাপ্রভূ বলিয়াছেন — "কিবা শৃদ্র কিবা বিপ্র স্থাসী কেনে নয়। ষেই ক্ষণ্ডত্ববেত্তা সেই গুরু হয়। চৈ, চ, হাচা১০০॥" ব্যবহারতঃও ইহা দৃষ্ট হয়। বৈজবংশোদ্রব শ্রীল নরহিরি সরকার ঠাকুর, কায়স্থ-বংশোদ্রব শ্রীল নরোত্তমদাস-ঠাকুর এবং সদ্গোপবংশোদ্রব শ্রীল শ্রামানন্দঠাকুর—ইহাদের প্রত্যেকেরই ব্রাহ্মণবংশোদ্রব মন্ত্র-শিয়াও ছিলেন।

পূর্ব্বাক্ত আলোচনা হইতে দেখা গেল — ভক্ত শপচকেও বৈষ্ণবশাস্ত্র বান্ধণের অধিকার দিয়াছেন, ভক্তরাহ্মণের অন্তর্ম শ্রন্ধা, সম্মান ও পূজা পাওয়ার যোগ্য বলিয়া বিধান দিয়াছেন। আব ঘাহারা ভক্ত নহেন, তাঁহাদিগকেও ভক্তির অন্তর্ভানের জন্ম সাদরে আহ্বান করা হইয়াছে। শ্রীমন্ মহাপ্রভুর ধর্মের দ্বার সকলের জন্মই উন্মৃক্ত। বৈষ্ণবসমাজে সম্মান পাওয়ার জন্ম প্রতিযোগিতা নাই; সম্মান দেওয়ার জন্মই বরং সকলের আগ্রহ ও ব্যাকুলতা।

এক্ষণে এই ধর্মের পারমার্থিক দিকটার সম্বন্ধে কিঞ্চিং আলোচনা করা ঘাউক। পারমার্থিক দিক-সম্বন্ধে বিবেচনার বিষয় প্রধানতঃ তিনটী—উপাস্ত, উপাসনা এবং লক্ষ্য।

কৃষ্ণ, রাম, নৃসিংহ, শিব, তুর্গা, পরামাত্মা, নির্বিশেষ ব্রহ্ম প্রভৃতি বিভিন্ন উপাসক-সম্প্রদায়ের উপাস্ত। গৌড়ীয়-বৈষ্ণবশান্ত্রের মতে এই সমস্ত উপাস্তের মধ্যে স্বরূপগত কোনও পার্থক্য নাই; ইহারা সকলেই প্রতন্ত্ব-বস্তর—স্বরুৎভগবানের—বিভিন্ন স্বরূপ; স্তরাং ইহাদের মধ্যে ভেদ কিছু নাই; ভেদ আছে, মনে করিলে অপরাধ হয় বলিয়াই শ্রীমন্ মহাপ্রভৃ বলিয়াছেন। "কৃষ্ণরত্বে ভেদ মানিলে হয় অপরাধ॥ একই কৃষ্ণর ভক্তের ধ্যান অফ্রুপ। একই বিগ্রহে ধরে নানাকার রূপ॥ চৈ, চ, ।২ ১০১৪০-৪১॥" প্রতন্ত্ববস্ত একই বিগ্রহে বিভিন্ন স্বরূপে নিত্য বিরাজ্মান—বিভিন্ন সাধককে কৃতার্থ করার নিমিত্ত। সাকার যিনি, নির্বাকারও তিনি; সবিশেষ যিনি, নির্বিশেষও তিনি। তাঁহার নির্বিশেষ-রূপ যেমন সচ্চিদানন্দময়, তাঁহার সবিশেষ সাকার রূপও তেমনি সচ্চিদানন্দময়; স্কুতরাং সকল স্বরূপই নিত্য, সকল স্বরূপেরই পার্মার্থিক সত্যতা আছে।

বৈত্র্যমণির দৃষ্টান্ত হারা গোড়ীয়-সম্প্রদায় বিভিন্ন ভগবং-স্বরপের অভিন্নতা দেখাইয়া থাকেন। একই বৈত্র্যমণি যেমন স্বরূপে একই বর্ণ বিশিষ্ট হইয়াও কোনও দিক হইতে নীল বর্ণ, কোনও দিক হইতে পীতবর্ণ ইত্যাদি রূপে প্রতিভাত হয়, তদ্রপ একই ভগবান্ স্বরূপে অব্যাক্ত থাকিয়াও এক এক রক্ষের সাধকের নিক্টে এক এক রক্ষে অন্তভ্ত হন। "মণির্যথাবিভাগেন নীলপীতাদিভিযুতি:। রূপভেদমবাগ্রোতি ধ্যানভেদান্তথাচ্ছুতে:॥" যে মণি একজনের নিক্টে নীলবর্ণ বলিয়া প্রতিভাত হয়, সেই মণ্লিই আর একজনের নিক্টে পীতবর্ণ বলিয়া প্রতিভাত হয়; তাহাদের অবস্থানের পার্যক্রই এই বর্ণাক্সভৃতি-পার্যক্রের হেতু। তদ্রপ, এক সাধকের নিক্টে বিনি শিবরূপে অন্তভ্ত হন, আর এক সাধকের নিক্টে তিনিই কৃষ্ণ বা রাম্রূপে অন্তভ্ত হন;

উপাসনার পার্থক্যই এই অন্তর্ভুতির পার্থক্য। নীলবর্ণ যে মৃণির, পীতবর্ণও সেই ম্ণিরই। য়িনি নীলবর্ণ মানেন, কিন্তু পীতবর্ণের নিন্দা করেন, তিনি ঐ মণিরই নিন্দা করেন। তদ্রপ শিব যিনি, রুফও তিনি; স্কুতরাং যিনি শিবকে মানেন, কিন্তু রুফের অবজ্ঞা করেন, অথবা রুফকে মানেন, কিন্তু স্বাদিবের অবজ্ঞা করেন, তিনি স্বরূপতঃ অবজ্ঞা করেন সেই তন্ত্বের—যে তন্ত্ব শিব, রুফাদি বিভিন্ন ভগবং-স্বরূপরপে আত্মপ্রকাশ করেন। তাই যিনি এক ভগবং-স্বরূপের অবজ্ঞা করেন, তিনি ভগবতন্ত্বেরই অবজ্ঞা করেন। কোনও এক ভগবং-স্বরূপের প্রতি যিনি বিশ্বেষ-ভাবাপন্ন, তিনি প্রকৃতপ্রস্তাবে ভগবতন্ত্বের প্রতিই বিশ্বেষভাবাপন্ন—তিনি ভগবং-বিশ্বেষী। এক অঙ্গে অক্সাঘাত করিলো সমস্ত দেহেই তাহার ফল অস্তর্ভুত হয়। বিভিন্ন ভগবং-স্বরূপে ভেদজ্ঞান পোষণ করেন না বলিয়াই গৌড়ীয়-বৈষ্ণবগদ এরূপ মনে করিতে পারেন। তাই তাহারা শিব ও হরির নামগুললীলাদির পার্থক্যজ্ঞানকে একটা গুরুতর অপরাধ্ব বিলিয়া মনে করেন।

শ্রীশ্রীহরিভক্তিবিলাসে পুরাণবচন উদ্ধৃত করিয়া বলা হইয়াছে--"পরাৎপরতরং যান্তি নারায়ণপরায়ণাঃ। ন তে তত্র গমিয়ান্তি যে দ্বিষ্ঠি মহেশ্রম্॥ যোমাং সমর্চেয়েলিতামেকান্তং ভাবমাশ্রিতঃ। বিনিন্দন্ দেবমীশানং সুযাতি নরকায়তম। মদভক্তঃ শঙ্কবদ্বেধী মদ্পেষী শঙ্কবিপ্রিয়া। উভৌ তৌনরকং যাতো যাবচন্দ্রদিবাকরে। ১৪।৬৫। প্রীহরি বলিয়াছেন, হরিপরায়ণ ব্যক্তিদিগের বৈকুঠগতি হয় সত্য; কিন্তু মহাদেবদ্বেধী না হইলেই তাঁহাদের ঐ বিষ্ণুধামপ্রাপ্তি হয়। মহাদেবের নিন্দাপুর্বক নিরন্তর একান্তভাবে আমার অর্চনা করিলেও অযুত্সংখ্য নরকে গমন করিতে হয়। মদভক্ত শিবদ্বেষী হইলে, অথবা শিবভক্ত মন্দ্েবী হইলে চন্দ্রস্থাস্থিতিপ্র্যান্ত তাহাদিগকে নরকে বাস করিতে হয়।" শ্রীচৈতন্মভাগবতের অস্তাথণ্ডে দিতীয় অধ্যায়েও লিখিত হইয়াছে:—"শিবের গৌরব বুঝায়েন গৌরচন্দ্র। এতেকে শঙ্কর-প্রিয় সর্ববিভক্তরুন্দ্র। না-মানে চৈতন্ত্র-পথ বোলায় বৈষ্ণব। শিবের অমান্ত করে বার্থ তার সব॥" পুনরায়, শিবের প্রতি কুফের উক্তি:—"যে আমার ভক্ত হই তোমা অনাদরে ⊤িদে আমারে মা**ই** যেন অনাদর করে॥" আবার শ্রীচৈতক্তভাগবতে মধ্যথণ্ডে তৃতীয় অধ্যায়ে—"পূজ্জে গোবিন্দ যেন না মানে শঙ্কর। এই পাপে অনেকে ঘাইবে ষমঘর॥" ইহাই গোড়ীয়-বৈষ্ণবদের মত; এই মতে কোনও সম্প্রাদায়ের উপাত্তের প্রতিই অবজা বা কটাক্ষের অবকাশ নাই; সকল স্বরূপই সমানভাবে শ্রন্ধার পাত্র; কারণ, সকল স্বরূপই একই বস্তুর বিভিন্ন বৈচিত্রী। দাক্ষিণাত্য-ভ্রমণে শ্রীমন্মহাপ্রভু ইহার আদর্শ দেখাইয়া গিয়াছেন। ভক্তভাবে তিনি শ্রীকৃষ্ণ-স্বরূপেরা উপাদক হইয়াও শিব, নুসিংহ, রাম, বিষ্ণু, ভগবতী, ভৈরবী প্রভৃতি প্রত্যেক স্বরূপের শ্রীমন্দিরে গিয়াই প্রেমাবেশ্যে মৃত্যকীর্ত্তন করিয়াছেন; সকল মন্দিরেই তাঁহার রুঞ্জোমাবেশ অক্ষুণ্ণ ছিল; যে কোনও মন্দিরে যে কোনও স্বরূপেরা শ্রীমৃর্ত্তি-দর্শনেই তাঁহার ক্ষপ্রেমের সমূদ্র তরজায়িত ছইয়া উঠিত; কারণ, তিনি মনে করিতেন—এই শ্রীমৃত্তিও তাঁহার আগণবল্পভ শ্রীকৃষ্ণেরই একরপ। শ্রীকৃষ্ণরূপে রসিকশেখর যে রস আস্বাদন করেন, শিবাদিরূপেও তিনি-সেই রসেরই অপর এক বৈচিত্রী আম্বাদন করিয়া থাকেন। বিভিন্ন-স্বরূপে তাঁর নিত্য-অবস্থিতির আমুবন্ধিক কারণই হুইল বিভিন্ন ভাবের উপাসককে কৃতার্থ করার জন্ম তাঁর অভিপ্রায়। আর ইহার অন্তরন্ধ কার্ণু হইল—রুসিক-শেখরের বিভিন্ন-রসবৈচিত্রীর এবং বিভিন্ন প্রকারের ভক্তের বিভিন্ন প্রেম-রস-বৈচিত্রীর আসাদন। এই ক্ষসবৈচিত্রী আস্বাদনের ব্যপদেশেই আছ্বঙ্গিকভাবে ভাব-বৈচিত্রীময় বিভিন্ন উপাসককে তিনি কুতার্থ করেন।

বিভিন্ন সম্প্রদারের উপাস্ত সম্বন্ধে গোড়ীয়-বৈষ্ণবসমাজ এরপ উদার মত পোষণ করেন বলিয়াই লক্ষ্মীনারায়ণের উপাসক বেকটভট্টের সলে মহাপ্রভুব চারিমাস অবস্থান এবং ভগবৎ-কথার আস্বাদন, রাম-উপাসক মুরারিগুপ্তের পক্ষে শ্রীমন্মহাপ্রভুব অন্তরক-পার্গদত্ব-প্রাপ্তি এবং ব্রজভাবের উপাসক রূপ-সনাতনের ও রাম-উপাসক অন্তপ্রের একত্তে প্রমানন্দে ভজনাম্ন্রীন সভব হইয়াছিল।

শরতবের স্বরূপ সম্বন্ধে অবৈতবাদীদের সঙ্গে গোড়ীয়-বৈষ্ণব সম্প্রদায়ের বিশুর মতভেদ ; তথাপি কিন্তু গোড়ীয়া সম্প্রদায় কথনও এমন কথা বলেন নাই যে, অবৈতবাদীদের উপাস্থা নির্বিশেষ-ব্রন্মের পারমার্থিক সভাত্ব নাই, কিবা নির্বিশেষ ব্রহ্ম অলীক বা কাল্লনিক। ভগবর্তত্ত-সম্বদ্ধে গৌড়ীর-সম্প্রদারের ধারণা অত্যন্ত উদার, অত্যন্ত ব্যাপক। সকল সম্প্রদারের সংক্ষে এই সম্প্রদারের সম্প্রীতি সম্ভব।

তারপর উপাসনা সন্ধান । কোনও সম্প্রদায়ের উপাসনা একেবারে নিরর্থক—এমন কথা গৌড়ীয়া সম্প্রদায় কথনও বলেন নাই। লক্ষ্যভেদে উপাসনাভেদ; পর তত্ত্বের অমুভূতির ভেদ। "উপাসনাভেদে জানি ঈশ্বর মহিমা। ১।২।১৯॥ "জ্ঞান, যোগ, ভক্তি—তিন সাধনের বশে। ব্রহ্ম, আত্মা, ভগবান্—ত্তিবিধ প্রকাশে॥ ২।২০।১৩৪॥" এসমন্ত উক্তিই বিভিন্ন সাধন-প্রণালীর সার্থকতার প্রমাণ। যিনি যেভাবে ভগবান্কে বা পরতত্ত্বস্তকে পাইতে চাহেন, তাঁহার উপাসনাও তদম্রূপ হইবে, নিজ নিজ ভাবের অমুকূল উপাসনাই সাধকদের পক্ষে কর্ত্ব্বা। "যার যেই ভাব সেই সর্ব্বোক্তম। ২।৮।৬৫॥" এবিষয়ে গোড়ীয়-সম্প্রদায়ের কোনওরূপ সন্ধীর্ণতা নাই।

তারপর লক্ষ্য। ভিন্ন ভিন্ন সাধক-সম্প্রদায়ের লক্ষ্য ভিন্ন ভিন্ন। এই লক্ষ্যকে মোটামোট ছন্ন ভাগে বিভক্ত ক্ষরা যান্ধ—পাঁচরকম মুক্তি এবং প্রাপ্তি। সালোক্য, সান্ধপ্য, সামীপ্য, সাষ্টি এবং সামৃত্যা—এই পাঁচ রকম মুক্তি। সামৃত্যা সিদ্ধাবছান্ন সাধক উপাশ্রের সহিত মিনিয়া তাদান্ত্যা প্রাপ্ত হ্ব, ইহাতে সাধকের পৃথক্ সন্থা এবং সেবা-সেবকত্বের ভাব পাকেনা বলিন্না ভক্ত সামৃত্যামুক্তি চাহেন না। সালোক্যাদি চারি রক্ষমের মুক্তিতে সিদ্ধাবছান্ত সাধকের পৃথক্ পন্থা পাকে, স্কুত্রাং সেবার স্থযোগ পাকে; কিন্তু এই চারি রক্ষমের মুক্তির সেবা এশর্যাভাবমন্ত্র। তাই ক্রমার্যা-মার্গের পৌড়ীন্ত-ভক্তপন এসমন্তপ্ত চাহেন না, তাঁরা চাহেন শুদ্ধ মার্য্যভাবে ব্রজ্ঞেন-নন্ধনের সেবা; তাহাদের লক্ষ্যকে বলে ভগবৎ-প্রাপ্তি। কিন্তু পঞ্চবিধা মুক্তি তাহাদের কাম্য না হইলেও এসমন্ত মুক্তিতেও রসন্বর্গপ ভগবানের রস-আস্বাদন করিয়া জীব "আনন্দী" হইতে পারে, তবে আস্বাদনের তারতম্য আছে, সকল ভাবে, সকল মুক্তিতে রসের সকল বৈচিত্রীর আস্বাদন হন্ন না। সকল বক্ষমের আস্বাদন-চমৎকারিতারও অন্থভব হন্ন না। "কৃষ্ণ প্রাপ্তির উপান্ন বন্ধবিধ হন্ত। কৃষ্ণ প্রাপ্তির তারতম্য বহুত আছেন। মান্তিন্ত বিভিন্নতা। শুদ্ধ-মার্য্যভাবের প্রাপ্তিতেও দাস্থা, স্থ্য, বাৎসল্য, মধুর ভাবে নানারক্ষ পার্থিক্য আছে।

বলা বাহুল্য, এ পার্থক্য কেবল ভগবানের মাধুর্যা আস্বাদনের চমৎকারিছে; মৃক্ত কিন্তু সকলেই। যে কোনও রকমের ভগবং-প্রাপ্তিতেই মায়াবন্ধন হইতে, সংসার হইতে, জিতাপজালা হইতে, জন্মমৃত্যু হইতে সাধক অনন্তকালের জন্ম অব্যাহতি পাইয়া থাকেন। সাধকের ফচিভেদে, প্রকৃতিভেদে—
লক্ষ্যভেদ, উপাসনাভেদ; সকল লক্ষ্যেরই সাধারণ ভূমিকা মায়ামৃক্তি। গৌড়ীয়-সম্প্রদায় তাহা অন্বীকার করেন না।
মৃক্তদের মধ্যে পরতত্ব-বস্তার সেবার এবং মাধুর্যাদি আস্বাদনের ভেদেই মৃক্তির এবং প্রাপ্তির ভেদ।

লক্ষ্য বিষয়েও গোড়ীয়দের মত অত্যন্ত উদার। স্বীয়-উপাস্থ-স্বরূপে হাঁহার অচলা নিষ্ঠা থাকে, শ্রীরুক্ষের উপাসক না হইলেও তিনি যে শ্রীমন্মহাপ্রভূব বিশেষ কুপাভাজন হইতে পাবেন, শ্রীলম্বারিগুপ্তই তাহার প্রমাণ।
শ্রীরামচন্দ্রের উপাসক হইয়াও ম্বারিগুপ্ত মহাপ্রভূব পার্যদ-শ্রেণীভুক্ত ছিলেন। ভগবচ্চরণে হাঁহার অচলা নিষ্ঠা থাকে, ভক্তাৎসল ভগবান্ও যে ক্থনও তাঁহাকে শ্রীচরণসেবা হইতে বঞ্চিত করেন না, মুরারিগুপ্তকে উপলক্ষা করিয়া এই তথাটী প্রকাশ করিয়ার জন্ম শ্রামন্মহাপ্রভূ একদিন এক বল করিয়াছিলেন। এই রলটা কি, তাহা বুঝাইবার জন্ম এক্তি ঘটনার উল্লেখ করা হইতেছো ব্যাপারটী এই। রপ্যাত্তার সময়ে যে সমস্ত গৌড়ীয়ভক্ত নীলাচলে যাইতেন, চাতুর্মান্তের পরে তাঁহাদের বিদায়ের কালে মহাপ্রভূ প্রত্যেকেরই জনের কথা উল্লেখ করিয়া তাঁহাদের প্রতি নিজের প্রীতি জ্ঞাপন করিতেন। একবার এই ভাবে—
শ্রারিগুপ্তেরে গৌর করি আলিক্ষন। তাঁর ভিক্তিনিষ্ঠা কহে, শুনে ভক্তগণ॥ পুর্বের আমি ইহারে লোভাইল বার বার। শিরম মধুর গুপ্ত! ব্রজেন্দ্রক্ষার॥ স্বয়ং ভগবান্ স্ব্র-জ্ঞান স্ব্রিজ ক্ষের মধুর বিলাস। চাতুর্য্য-বৈদ্ধেয়া বিদ্যা চরিত্র ক্ষের মধুর বিলাস। চাতুর্য্য-বৈদ্ধেয়া

করে বেঁহো লীলা রাস ॥ সেই কৃষ্ণ ভল্ল তুমি, হও কৃষ্ণাশ্রয়। কৃষ্ণ বিনা উপাসনা মনে নাহি লয়।' এইমত বার বার শুনিয়া বচন। আমার গৌরবে কিছু কিরি গেল মন ॥ আমারে কহেন — আমি তোমার কিছর। তোমার আজ্ঞাকারী আমি, নহি স্বতন্তর ॥ এত বলি ঘরে গেলা, চিন্তি রাত্রিকালে। রঘুনাথ ত্যাগ চিন্তি হইলা বিহলে ॥ 'কেমনে ছাড়িব রঘুনাথের চরণ। আজি রাত্রে রাম! মোর করাহ মরণ॥' এইমত সর্বরাত্রি করেন ক্রন্দন। মনে স্বাস্থ্য নাহি, রাত্রি কৈল জাগরণ ॥ প্রাতঃকালে আসি মোর ধরিয়া চরণ। কান্দিতে কান্দিতে কিছু করে নিবেদন ॥ রঘুনাথ-পায়ে মৃঞি বেচিয়াছি মাথা। কাঢ়িতে না পারোঁ মাথা, মনে পাও ব্যথা ॥ প্রীরঘুনাথের চরণ ছাড়ান না যায়। তোমার আজ্ঞা ভল্ল হয়, কি করোঁ উপায় ॥ তাতে মোরে এই কুপা কর দয়ায়য়। তোমার আগে মৃত্যু হউক, যাউক সংশয় ॥ এত শুনি আমি মনে বড় সুথ পাইল। ইছারে উঠাইয়া তবে আলিক্রন কৈল ॥ 'সাধু সাধু' গুপ্ত! তোমার স্বন্ট ভল্লন। আমার বচনে তোমার না টলিল মন ॥ এইমত সেবকের প্রীতি চাছি প্রভূ-পায়। প্রভূ ছাড়াইলে পদ ছাড়ন না যায়॥ তোমার ভাবনিষ্ঠা জ্ঞানিবার তরে। তোমারে আগ্রহ আমি কৈল বারে বারে ॥ সাক্ষাৎ হয়্মান্ তুমি প্রীরামকিছর। তুমি কেনে ছাড়িবে তাঁর চরণকমল ॥ সেই মুরারিগুপ্ত এই মোর প্রাণসম। ইছার দৈয়ে শুনি মোর ফাটরে জ্ঞীবন ॥ ২০২০০০০০০ ৩৭ ॥"

কি উদ্দেশ্যে প্রভু মুরারিগুপ্তের সঙ্গে এই রঙ্গ করিয়াছিলেন, উদ্ধৃত প্রারসমূহ হইতে তাহা পরিষার-ভাবেই বুঝা যায়। ইহাও বুঝা যায় যে, বিভিন্ন-ভাবের উপাস্ত-সম্বদ্ধেও শ্রীমন্মহাপ্রভুর মত অত্যন্ত উদার ছিল।

শ্রীমন্মহাপ্রভু বিভিন্ন সময়ে বিভিন্ন লোকের সঙ্গে বিচার-বিতর্কাদি করিয়াছিলেন, পূর্বে তাহা উল্লিখিত হইয়াছে। কোনও সম্প্রদায়ের হেয়তা-প্রতিপাদনই এই বিচার-বিতর্কের উদ্দেশ্য ছিল না। যথার্থ তত্ত্ব-নির্ণন্ধই ছিল ইহার লক্ষ্য। তত্ত্ব-নির্ণয়মূলক বিচার-বিতর্কে সাম্প্রদায়িক সন্ধীর্ণতার স্থান নাই। রামাত্মস্ক-সম্প্রদায়ের বেষ্কট-ভট্টের সঙ্গে ভগবত্তত্ব সম্বন্ধে তাঁহার বিচার-বিতর্ক হইয়াছিল; তাঁহার নিজের মত এবং উপাসনা ত্যাগ করিয়া প্রভুর প্রচারিত মত এবং উপাসনা-পদ্ধতি গ্রহণ করার জন্ম তিনি কখনও ভট্টকে বঙ্গেন নাই। মধ্বাচারী সম্প্রদায়ের আচার্য্যের সঙ্গেও উপাসনা-পদ্ধতি সম্বন্ধে তাঁহার বিচার হইয়াছিল; বিচারে আচার্য্য তাঁহার ক্রটী ব্বিলেন। কিন্তু প্রভুর নিজের মত গ্রহণ করার জন্ম তাঁহাকেও তিনি বলেন নাই। একণা সত্য, বহু ভিন্ন সম্প্রদায়ী লোক মহাপ্রভুর অন্তর্গত হইয়া তাঁহার নির্দিষ্ট প্রায় ভজন করিতে আরম্ভ করিয়াছিলেন; সকলেই যে তর্কে পরান্ত হইয়া তাঁহার মতাবলম্বী হইয়াছিলেন, তাহা মনে হয় না। তর্কের পরাজ্ঞয়ে সকল সময়ে চিন্ত আঞ্চ হয় না। শ্রুতিপ্রতিপাদিত আনন্দম্বরূপ, রসম্বরূপ, পরতত্ত্বে যে মোহন-রপ-গুণ-মাধুর্যাাদির কথা শ্রীমন্মহাপ্রভু প্রচার করিয়াছিলেন, তাহাতে প্রলুক্ত হইয়া এবং সেই মাধুর্যাাদি আস্বাদানের প্রভাবে যে সমস্ত অদ্ভুত প্রেমবিকার লোক জাঁহাতে প্রত্যক্ষ করিয়াছে, তাহাতে আরুষ্ট হইয়াই অধিকাংশ লোক তাঁহার আহুগত্য স্বীকার করিয়াছে। তাঁহা হইতে বিচ্ছুরিত সিগ্ধ-প্রেমরশ্বিও যে সকলের চিত্তে একটা বিশেষ প্রভাব বিস্তার করিয়াছিল, তাহাও অস্বীকার করা যায় না। তাঁহার প্রচারের উদ্দেশ্যও ছিল অত্যন্ত উদার—জীবমাত্রকেই রসম্বরূপ ভগবানের অসমোর্দ্ধনাধুর্ঘ্য আম্বাদনের জন্ম ব্যাকুল আহ্বান। অক্ত সম্প্রদায়ের অপকর্ধ-খ্যাপনের ইচ্ছা হইতে এই প্রচার প্রবর্ত্তিত হয় নাই। মাধুর্য্যের লোভে অক্ত সম্প্রদায়ের লোকের গোড়ীয়-সম্প্রদায়ে প্রবেশও অন্ত সম্প্রদায়ের অপকর্ষ স্থচিত করে না; বরং এই সমন্ত লোকের অবচেতনায় যে লোভ প্রচন্তন ছিল, মহাপ্রভুব সঙ্গপ্রভাবে তাহার পরিক্রণই স্টিত করে।

যাহা হউক, এসমন্ত আলোচনা হইতে বোধ হয় পরিকারভাবেই বুঝা যাইবে যে, গৌড়ীয়-বৈঞ্চব-ধর্ম্মের আদর্শে কোনওরূপ সাম্প্রদায়িক স্কীর্ণতার স্থান নাই।